

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪৭৩

১/ বিবিধ

আরবী

الدين راية الله في الأرض، فإذا أراد الله أن يذل عبداً وضعه في عنقه  
موضوع

أخرجه أبو بكر الشافعي في " الفوائد المنتقاة " (13 / 93 / 2) والحاكم (2 / 24) والديلمي (2 / 150) من طريق بشر بن عبيد الدارسي حدثنا حماد بن سلمة عن أيوب عن نافع عن ابن عمر مرفوعاً، وقال: صحيح على شرط مسلم، قلت: وهذا خطأ فاحش، لأن بشراً هذا ليس من رجال مسلم، ولا أخرج له أحد الستة، ثم هو متهم، ولذلك تعقبه المنذري في " الترغيب " (3 / 32) والذهبي في " التلخيص " فقالوا: بل فيه بشر بن عبيد الدارسي وإياه قال المناوي: فالصحة من أين؟ قال فيه ابن عدي: منكر الحديث عن الأئمة، بين الضعف جداً، وقد ساق له الذهبي في " الميزان " أحاديث ثم قال: إنها غير صحيحة، والله المستعان ثم ساق له آخر وقال: إنه موضوع ولست أشك في أن هذا الحديث موضوع لما ذكرته في الحديث الذي قبله

বাংলা

৪৭৩। ঋণ হচ্ছে যমীনের মধ্যে আল্লাহর ঋণ। যখন আল্লাহ কাউকে বেইজ্জত করার ইচ্ছা করেন তখন তার কাধে তা (ঋণ) চাপিয়ে দেন।

হাদীসটি জাল।

এটি আবু বাকর আশ-শাফেঈ "আল-ফাওয়ায়েদুল মুনতাকাত" গ্রন্থে (১৩/৯৩/২), হাকিম (২/২৪) এবং দাইলামী (২/১৫০) বিশর ইবনু ওবায়েদ আদ দারেসী সূত্রে হাম্মাদ ইবনু সালামাহ্ হতে ... বর্ণনা করেছেন। অতঃপর (হাকিম) বলেনঃ মুসলিমের শর্তানুযায়ী হাদীসটি সহীহ।

আমি (আলবানী) বলছিঃ এটি সুস্পষ্ট ভুল। কারণ বিশর মুসলিমের বর্ণনাকারী নন। ছয়টি হাদীস গ্রন্থের কেউ তার থেকে হাদীস বর্ণনা করেননি। তিনি মিথ্যার দোষে দোষী। এ জন্য মুনযেরী "আত-তারগীব" গ্রন্থে (৩/৩২) এবং যাহাবী "আত-তালখীস" গ্রন্থে তার সমালোচনা করে বলেছেনঃ বিশর ইবনু ওবায়েদ দারেসী খুবই দুর্বল। মানবী বলেনঃ সহীহ কোথা হতে? যার সম্পর্কে ইবনু আদী বলেছেনঃ তিনি ইমামদের নিকট মুনকারুল হাদীস এবং তিনি সুস্পষ্টভাবে খুবই দুর্বল। যাহাবী তার কতিপয় হাদীস "আল-মীযান" গ্রন্থে উল্লেখ করেছেন, অতঃপর বলেছেনঃ সেগুলো সহীহ নয়। অতঃপর তার অন্য একটি হাদীস উল্লেখ করে বলেছেনঃ এটি জাল।

আমি (আলবানী) এ হাদীসটি জাল হওয়ার ব্যাপারে কোন সন্দেহ করছি না।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68058>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন